দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 23 OCT 1988
পৃষ্ঠা 7 কলাম 7

86
002

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ক্লাস টেষ্ট প্রথা বাতিল করার দাবী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অবিলম্বে ক্লাস টেষ্ট প্রথা বাতিল এবং ছাত্র বৃত্তি বৃদ্ধির দাবী জানিয়েছে।

এই দাবীতে গত কয়েকদিন ধরে ক্লাস বর্জন, বিক্ষোভ মিছিল ও সমাবেশের মাধ্যমে আন্দোলনরত ছাত্রছাত্রীদের পক্ষে বিশ্ববিদ্যালয়ের ৮টি ছাত্র সংগঠনের যৌথ উদ্যোগে গতকাল শনিবার অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে দাবী দু'টোর যৌক্তিকতা ব্যাখ্যা করা হয়। নেতৃবৃন্দ অভিযোগ করেন যে, বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্রছাত্রীদের যৌক্তিক দাবীকে পাশ কাটিয়ে আন্দোলনকে স্তব্ধ করে দেয়ার জন্য হুঁশিয়ারি উচ্চারণ করছে এবং বিভ্রান্তিমূলক অপপ্রচার চালিয়ে যাচ্ছে।

সাংবাদিক সম্মেলনে পাঠ করা লিখিত বক্তব্যে বলা হয়, প্রশাসন যে উদ্দেশ্য নিয়ে ১৯৮৩-৮৪ শিক্ষাবর্ষ থেকে ক্লাস টেষ্ট প্রথা চালু করেছিলেন তা ব্যর্থ হয়েছে। এ ব্যাপারে সুনির্দিষ্ট নীতিমালা ঘোষণার জন্য ছাত্রছাত্রীদের দীর্ঘদিনের দাবীর ব্যাপারে কর্তৃপক্ষ আশ্বাস দিলেও তা বাস্তবায়ন করেননি। ফলে ছাত্রছাত্রীদের ওপর মাত্রাতিরিক্ত চাপ পড়ছে, মেধার সুষ্ঠু যাচাই হচ্ছে না। লিখিত বক্তব্যে ক্লাস টেষ্ট প্রথা বাতিলের পক্ষে ১০টি যুক্তি দেখানো হয়। দ্বিতীয় দাবীর পক্ষে বলা হয়, ছাত্রছাত্রীরা এখন যে হারে বৃত্তি পাচ্ছে তা ১৯৬৮ সাল থেকে চালু রয়েছে, অথচ ইতিমধ্যে জীবনযাত্রা ও শিক্ষা উপকরণের ব্যয় এবং সেশন চার্জ কয়েক গুণ বৃদ্ধি পেয়েছে।

যে ছাত্র সংগঠনগুলো যৌথভাবে সাংবাদিক সম্মেলন আহ্বান করে তারা হচ্ছে: বাংলাদেশ ছাত্রলীগ (সু-র), ছাত্র ইউনিয়ন, জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্রলীগ (মু-না), সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, জাতীয় ছাত্রলীগ, ছাত্রলীগ (আ-মো) এবং গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন।

ছাত্রনেতা নাজমুল হাসান রানা লিখিত বক্তব্য পাঠ করেন। বিভিন্ন প্রশ্নের জবাব দেন মাকসুদুর রহমান খান, ইকবাল কবীর, এস এম রেজা, রেজাউল করিম, মবিনউদ্দিন প্রমুখ।